অক্টোবর ২০১৭ বর্ষ ০২, সংখ্যা ০৮

বন্দর বার্তা

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর মাসিক প্রকাশনা

রেলপথে পণ্য পরিবহন
কমলাপুর আইসিডি

ওয়ান বেল্ট,ওয়ান রোড: চীনের হাত ধরে এশীয় বিশ্বায়ন

পৃথিবী সেরা কনটেইনার বন্দরের তালিকায় ৭১তম চট্টগ্রাম বন্দর

পতেঙ্গা কনটেইনার টার্মিনালের নির্মাণ কাজ উদ্বোধন

বন্দরে প্রথমবারের মতো বায়ুমান নিয়ে গবেষণা

অক্টোবর ২০১৭
বর্ষ ০২ সংখ্যা ০৮

বন্দরবার্তা
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর মাসিক প্রকাশনা

প্রধান পৃষ্ঠপোষক
রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল
বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন

সম্পাদক
জাফর আলম

সম্পাদনা পর্ষদ
রম্য রহিম চৌধুরী
সাদেকা বেগম
মো. ওমর ফারুক
মাহবুব মোরশেদ চৌধুরী

নির্বাহী সম্পাদক
তাজুল হক

সহযোগী সম্পাদক
বিপ্লব সরকার

নিয়মিত প্রদায়ক
এনামুল করিম
কাজী মেরাজ উদ্দিন আরিফ
বিজয় মজুমদার

প্রতিবেদক
ওমর ফারুক ইমন

ব্যবস্থাপনা সম্পাদক
মনির খান শিমুল

জনসংযোগ
এ এন এম ওয়াহিদ শিকদার
মো. শফিউল আজম খান

আলোকচিত্রী
এস এম শামসুল হুদা

লে-আউট ও মেক-আপ
তৌফিক আহমেদ
উজ্জল আহমেদ

ব্যবস্থাপনা
হাবিবা ইয়াসমিন

মুদ্রণ ব্যবস্থাপনা
মনিরুল ইসলাম
হাবিবুর রহমান সুমন

প্রকাশক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর পক্ষে
সার্বিক তত্ত্বাবধান, প্রণয়ন, মুদ্রণ ও প্রকাশন:

এনলাইটেন ভাইবস
বাড়ি ৪, সড়ক ৭/বি, সেক্টর ৩
উত্তরা, ঢাকা-১২৩০
ফোন: ০১৮১৭ ৫৯৫ ৪৯২
ইমেইল: enlightenvibes@gmail.com

সম্পাদকীয় যোগাযোগ:
বন্দরবার্তা
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দরভবন, ৩য় তলা, চট্টগ্রাম।
ফোন: ০৩১-২৫১০৮৬৯
ইমেইল: bandarbarta@gmail.com

সম্পাদকীয়

ঘুরে দাঁড়াচ্ছে কমলাপুর আইসিডি

ঢাকা ও তার পার্শ্ববর্তী অঞ্চল ঘিরেই গড়ে উঠেছে বাংলাদেশের গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল। দেশের নির্মাণ খাতে মোট ৯ লাখ ৪৯ হাজার ৫৯০টি ইকোনমিক ইউনিট এর মধ্যে ঢাকাতেই রয়েছে ২ লাখ ৬১ হাজার ৭০৫টি ইউনিট। ফলে চট্টগ্রাম বন্দর হয়ে আমদানি-রপ্তানি পণ্যের একটি বিরাট অংশ ঢাকামুখী কিংবা ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখী। যার বেশিরভাগ সড়ক পথেই পরিবাহিত হচ্ছে। এতে সড়কগুলোর উপর চাপ বেড়েছে অত্যধিক। জনপথগুলো সময়ের আগেই ভেঙ্গে যাচ্ছে, বাড়ছে রক্ষণাবেক্ষণ খরচ, যানজট ও দুর্ঘটনা। সবমিলে এতে সঠিক সময়ে পণ্য গন্তব্যে না পৌঁছায় খরচ যাচ্ছে বেড়ে। এ অবস্থার উত্তরণে বিকল্প হিসেবে বেছে নেয়া হয় রেলপথকে। এককভাবে সড়ক পথের উপর চাপ কমাতে ও ব্যবসায়ীদের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে চট্টগ্রাম বন্দর থেকে আমদানি ও রপ্তানি পণ্য পরিবহনে ১৯৮৭ সালে কমলাপুরে আইসিডি নির্মাণ করা হয়। ফলে একসাথে অধিক পণ্য, কম খরচে রেলপথে পরিবহনের সুযোগ সৃষ্টি হয়।

যদিও প্রথম থেকেই সহজ এবং সমান্তরাল ছিল না এর গতিপথ। কনটেইনারবাহী ট্রেন চলাচলে অতিরিক্ত সময়ক্ষেপণ, পর্যাপ্ত কাস্টম সুবিধা না থাকা, রেলের ইঞ্জিন ও ওয়াগন সংকট, ডাবল লাইন চালু না হওয়া ইত্যাদি কারণে প্রবৃদ্ধি কাঙ্খিত পর্যায়ে পৌঁছায়নি। বার্ষিক ১ লক্ষ ২০ হাজার টিইইউ কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা থাকলেও কমলাপুর আইসিডির ব্যবহার একসময় প্রায় ৫০ শতাংশে নেমে এসেছিল। রেলপথে কনটেইনার পরিবহন নিরাপদ এবং ব্যয় সাশ্রয়ী হলেও দিন দিন কমছিল এর কনটেইনার হ্যান্ডলিং পরিমাণ। তবে আশার কথা ঘুরে দাঁড়াচ্ছে কমলাপুর আইসিডি। কর্তৃপক্ষের সুব্যবস্থাপনায় ও নিবিড় পরিশ্রমে ২০১৬ সালে এর কনটেইনার হ্যান্ডলিংয়ের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৭০ হাজার ৩৬৩ টিইইউ কনটেইনারে। কমলাপুর আইসিডি নিয়ে এবার আমরা সাজিয়েছি আমাদের মূল প্রতিবেদন।

নৌপরিবহন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব হিসেবে নতুন যোগদান করলেন মো. আবদুস সামাদ। বন্দরবার্তার পক্ষ থেকে তাকে স্বাগত ও শুভেচ্ছা। বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের কর্মকর্তা জনাব সামাদ এর আগে খুলনার বিভাগীয় কমিশনার ছিলেন। উল্লেখ্য ২০১১ সালে তিনি সাতক্ষীরার জেলা প্রশাসক থাকাকালে দেশের শ্রেষ্ঠ জেলা প্রশাসক নির্বাচিত হন। আমরা আশাকরি, গুরুত্বপূর্ণ পরিবর্তনের মধ্য দিয়ে যাওয়া আমাদের বন্দর ও মেরিটাইম শিল্প তার নেতৃত্বে দূরদর্শী পথ খুঁজে নেবে।

বিশ্ব বাণিজ্যে এখন অন্যতম আলোচিত বিষয় চীনের ওয়ান বেল্ট, ওয়ান রোড উদ্যোগ – সংক্ষেপে ওবিওআর। বলা হচ্ছে এটি হতে যাচ্ছে আধুনিক ইতিহাসের সবচেয়ে বড় অর্থনৈতিক, কূটনৈতিক ও ভূরাজনৈতিক প্রকল্প। আমেরিকা ও ব্রিটেন এর মতো শক্তি যেখানে সংরক্ষণবাদের দিকে ঝুঁকে পড়েছে, সেখানে চীনের এই উদ্যোগ নতুন মেরুকরণ তৈরি করবে সন্দেহ নেই। ৬৮টি দেশ, ৬০ শতাংশ বিশ্ব জনসংখ্যা এবং ৪০ শতাংশ উৎপাদন নিয়ে এই নয়া সিল্ক রুট সূচনা করেছে নতুন বিশ্বায়ন ধারণার। ওবিওআর দৃশ্যত যোগাযোগ অবকাঠামো নির্মাণ ও আন্তর্জাতিক অর্থনৈতিক অঞ্চল ও করিডর প্রতিষ্ঠার প্রকল্প। এর 'কি ওয়ার্ড' হিসাবে বেছে নেয়া হয়েছে 'কানেকটিভিটি' – উদ্দেশ্য এশিয়াকে বিশ্ব বাণিজ্যের কেন্দ্র করে তোলা। এ পরিকল্পনায় থাকছে অংশগ্রহণকারী দেশগুলোর বিস্তৃত এলাকাজুড়ে থাকা সমুদ্রবন্দরসমূহ, আন্তঃসীমান্ত সড়ক, উচ্চগতির রেলপথ, বিমানবন্দর এবং অবকাঠামো। তবে এ কথা বলাই যায় এই উচ্চাভিলাষী উদ্যোগের সফলতা কিংবা ব্যর্থতাই নির্ধারণ করে দিবে আগামীর নৌবাণিজ্য তথা বিশ্ব বাণিজ্যের রূপরেখা। বিস্তারিত থাকছে আমাদের বিশেষ রচনায়।

প্রিয় পাঠক, প্রতিবছরের ন্যায় এবারও ২৮ সেপ্টেম্বর আইএমও এবং বৈশ্বিক নৌ-বাণিজ্যিক সংস্থাগুলো কনফারেন্স, সেমিনারসহ নানাবিধ কর্মসূচীর মধ্য দিয়ে পালন করলো আন্তর্জাতিক মেরিটাইম দিবস ২০১৭। এবারে দিবসটির মূল প্রতিপাদ্য ছিল 'একসূত্রে জাহাজ, বন্দর এবং বাণিজ্য'। মেরিটাইম বিশ্বে বাংলাদেশের গুরুত্ব দিন দিন বেড়ে যাওয়ায় এবং আইএমও এর মর্যাদাপূর্ণ সদস্য হিসেবে বাংলাদেশের জন্যও দিনটি গুরুত্ব বহন করে।

সবার জন্য নিরন্তর শুভেচ্ছা।

শুভেচ্ছায়,

জাফর আলম
সম্পাদক

বন্দরবার্তা

এ সংখ্যায় থাকছে

প্রধান রচনা
রেলপথে পণ্য পরিবহন
কমলাপুর ইনল্যান্ড কনটেইনার ডিপো

০৪

আমদানি-রপ্তানি বাণিজ্যের সঙ্গে জড়িত ব্যবসায়ীরা শুরু থেকেই আগ্রহ প্রকাশ করে কমলাপুর আইসিডি ব্যবহারে। কমলাপুর আইসিডি ব্যবসায়ীদের কাছে হাতের নাগালে পৌঁছে দেয় বন্দরের সুবিধা। দেশের রপ্তানি ও উৎপাদিত পণ্য নিরাপদে এবং স্বল্প খরচে পরিবহনের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদান রাখছে এই ডিপো।

সম্পাদকীয় ▪ ০২

মুখর বন্দর ▪ ১৮

- সিটি করপোরেশনকে সাড়ে ৩৫ কোটি টাকা হোল্ডিং ট্যাক্স দিল বন্দর
- বন্দরের বহরে যুক্ত হলো আরো ৪৬টি যন্ত্রপাতি
- ইউএস কোস্টগার্ডের চট্টগ্রাম বন্দর পরিদর্শন
- বন্দরের অভ্যন্তরের বায়ুমান নিয়ে গবেষণা
- পতেঙ্গা কনটেইনার টার্মিনালের নির্মাণ কাজ উদ্বোধন
- কর্ণফুলীর দূষণ রোধে মাস্টার প্ল্যান তৈরি
- বন্দর ভবনে চালু হল ভিজিটরস এক্সেস কন্ট্রোল সিস্টেম
- চট্টগ্রাম বন্দরের জন্য সমুদ্রগামী টাগবোটের নির্মাণ কাজ শুরু

সরেজমিন ▪ ১৭

রো রো ফেরি

পিচঢালা পথে সাঁই সাঁই করে ছুটে চলা চার চাকার গাড়ি হাতের নাগালে আসার পেছনে রয়েছে তার হাজার কিলোমিটার পাড়ি দেয়ার ইতিহাস। 'সাত সমুদ্র তের নদী পার' হয়ে আসে এসব গাড়ি। কাল্পনিক দৈত্যের মত পেটপুরে শত শত গাড়ি এক দেশে থেকে অন্য দেশে বয়ে নিয়ে আসে রো-রো ফেরি। সাধারণ জাহাজ থেকে ভিন্ন বৈশিষ্ট্যের অধিকারী এ জাহাজের নির্মাণশৈলীও ভিন্ন।

বন্দর বিচিত্রা ▪ ১৫

গ্রন্থ পরিচয়: *দ্যা সি এন্ড সিভিলাইজেশন: এ মেরিটাইম হিস্টোরি অফ দ্যা ওয়ার্ল্ড ইনফরমেশন*

বন্দর পরিচয়: *কাওসিয়াং সমুদ্র বন্দর*

বুদ্ধি বাড়েঃ *কে তিনি?*

আন্তর্জাতিক সংবাদ ▪ ০৮

- ছন্দ ফিরে পাচ্ছে সমুদ্রবাণিজ্য
- দুঃসময় পেরিয়ে সুদিনে এলএনজি খাত
- উত্তর-সাগর পথে জাহাজের আনাগোনা বাড়ছে
- হাব হিসেবে গুরুত্ব বাড়ছে জিবুতির
- জেবেল আলিতে কার্গো প্রবৃদ্ধি ১৭ শতাংশ বৃদ্ধি
- নতুন মানদন্ডে সেবার মান বৃদ্ধিতে উদ্যোগী রটারড্যাম
- স্যাটেলাইট বন্দর গড়ছে ভারত
- এশিয়ায় জলদস্যু প্রতিরোধে জাপান, সিঙ্গাপুর ও রিক্যাপ
- ডিজিটাল হাব হচ্ছে জার্মানির বন্দরগুলো

খতিয়ান ▪ ২৩

বন্দরের আয়-ব্যয়, কনটেইনার ওঠানামার তুলনামূলক মাসিক পরিসংখ্যান

১২

আগামীর পথে

ওয়ান বেল্ট ওয়ান রোড
চীনের হাত ধরে এশীয় বিশ্বায়ন

সাম্প্রতিক সময়ে বিশ্ব অর্থনীতিতে মন্দাভাব, চীনের প্রবৃদ্ধি কমে যাওয়া কিংবা আমেরিকা ও ব্রিটেনের সংরক্ষণবাদের দিকে ঝুঁকে পড়ায় একদিকে যেমন চীনের বাজার সংকুচিত হয়ে এসেছে, অন্যদিকে ইউরোপের অর্থনৈতিক, কূটনৈতিক সমীকরণও বদলে যাচ্ছে। ইউরোপের বেশিরভাগ দেশই বিদেশি লগ্নির অভাবে ধুঁকছে। চীনও তাই নতুন করে ভাবছে তার বিপুল পরিমাণ উদ্বৃত্ত অর্থ নিয়ে। এ পরিপ্রেক্ষিতেই চীন সূচনা করে এশীয় বিশ্বায়ন নামের নতুন ধারণা - ওয়ান বেল্ট, ওয়ান রোড - যেটিকে এখন বেল্ট এন্ড রোড উদ্যোগ নামেই ডাকা হচ্ছে।

২২

বৈশ্বিক নৌবাণিজ্য খাতে ঋণাত্মক প্রবৃদ্ধির মুখেও গত বছর সাফল্যের সঙ্গে প্রবৃদ্ধি অব্যাহত রেখেছে শীর্ষ যে ১০টি বন্দর তাদের মধ্যেও চট্টগ্রাম বন্দর চতুর্থতম অবস্থানে রয়েছে, ১৬% কনটেইনার প্রবৃদ্ধি নিয়ে।

The winners

Ranking	Port	2016 annual throughput (teu)	2015 annual throughput (teu)	Annual % change
44 ▲ 17	Salalah	3,325,044	2,569,363	▲ 29.4%
84 ▲ 10	Tangshan	1,932,000	1,519,000	▲ 27.2%
76 ▲ 11	Bandar Abbas	2,130,000	1,678,000	▲ 26.9%
71 ▲ 5	Chittagong	2,346,909	2,024,207	▲ 15.9%
45 ▲ 7	Mundra	3,320,285	2,895,046	▲ 14.7%
74 ▲ 5	Barcelona	2,236,960	1,954,262	▲ 14.5%
66 ▲ 7	London	2,537,000	2,217,000	▲ 14.4%
32 ▲ 4	Manila	4,523,339	3,976,262	▲ 13.8%
91 NEW	Sines	1,513,083	1,332,200	▲ 13.6%
58 ▲ 10	Incheon	2,679,504	2,376,996	▲ 12.7%

Lloyd's List

১৬

বিশেষ রচনা

IMO WORLD MARITIME DAY 2017
CONNECTING SHIPS, PORTS AND PEOPLE

বিশ্ব মেরিটাইম দিবস

'একসূত্রে জাহাজ, বন্দর এবং জনগণ' এই স্লোগানকে প্রতিপাদ্য করে গত ২৮ সেপ্টেম্বর ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন (আইএমও) এবং বৈশ্বিক নৌবাণিজ্য সংশ্লিষ্ট সংস্থাগুলো কনফারেন্স, সেমিনার, কর্মশালাসহ নানাবিধ কর্মসূচির মধ্য দিয়ে পালন করলো বিশ্ব মেরিটাইম দিবস, আইএমও'র সদস্যসমূহ নৌ যোগাযোগ, অবকাঠামোগত সুবিধা ও সাধারণ সমস্যা মোকাবেলায় যেন একসাথে কাজ করতে পারে, সেটির উপরে জোর দেয়াই দিবসটি পালনের মূল উদ্দেশ্য।